

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৪.১৯-৬৪২

তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৬ ব.
০৮ ডিসেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৫৫৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৭৫৫৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৭৫৫৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৭৫৫৪/২০১৯	এস এম জাহাঙ্গীর আলম, ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর, শরীয়তপুর পলিটেকনিক ইন্সটিটিউট গং (১৬ জন)।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, সচিব, অর্থ মন্ত্রণালয়, ডিজি, ডিটিইসহ মোট ০৫ (পাঁচ) জন।	কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন “বিদ্যমান ২০টি পলিটেকনিক ইন্সটিটিউটের আধুনিকীকরণ ও ১৮টি নতুন পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপন শীর্ষক প্রকল্পের ০৩/০৪/২০০৩ তারিখে অনুমোদিত নিয়োগ বিধিতে “ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর” পদের বিপরীতে জাতীয় পে-স্কেল/৯৭ এর ১১ নং গ্রেড অনুযায়ী বেতন নির্ধারণ করা হয়। কিন্তু নিয়োগ আদেশ পত্রে ১১ নং গ্রেডে সাকুল্য বেতন ৪১২৫/- টাকা থেকে কমিয়ে ১৩নং গ্রেডে (টাকা ২২৫০-৪৭৩৫) এর সাকুল্য বেতন ৩৬৭৫/- টাকা নির্ধারণ করা হয়। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-২ হতে ২৭/১১/১১ তারিখে ০৭.১৬২ .০০০.০১.৩৭.২৭.২০১০-২১৮ সংখ্যক স্মারকমূলে উক্ত প্রকল্পের সাথে আরো ০৩টি প্রকল্পসহ মোট ০৪টি প্রকল্পের উক্ত “ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর” পদের বিপরীতে ১৪ নং গ্রেডে বেতন-ভাতা প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করা হয়। ফলে উক্ত স্মারকের বিরুদ্ধে সংশ্লিষ্ট হয়ে বর্ণিত পদের বিপরীতে জাতীয় পে-স্কেল/২০১৫ এর ১৪ নং গ্রেডের স্থলে ১৩ নং গ্রেড মঞ্জুরী প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে এস এম জাহাঙ্গীর আলম গং (১৬ জন) কর্তৃক পিটিশনার হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৭৫৫৪/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ৩১/৭/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে পিটিশনারদের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ১৩ নং গ্রেডের স্থলে ১৪ নং গ্রেডে মঞ্জুরী প্রদান সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-২ হতে ২৭/১১/১১ তারিখে ০৭.০১৬২ .০০০.০১.৩৭.২৭.২০১০-২১৮ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা প্রদান করা হবেনা; সে মর্মে ২৮/০৪/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৫৫৪/২০১৯ মামলার ৩১/০৭/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ২৪/১২/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিত্রা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচারক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।